

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.০৬.০২৮.২২-৮৬—বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসাবে মোটরযানের **QR-Code** সম্বলিত ই-ফিটনেস সার্টিফিকেট প্রদান করছে। মোটরযান চালকগণ মুদ্রিত ফিটনেস সার্টিফিকেটের ন্যায় ই-ফিটনেস সার্টিফিকেটের মুদ্রিত কপি অথবা মোবাইল ফোনে সংরক্ষিত কপি প্রদর্শন করে ব্যবহার করতে পারবে। **QR-Code** সম্বলিত ই-ফিটনেস সার্টিফিকেট স্মার্ট মোবাইল ফোনের মাধ্যমে যাচাই করা যাবে। মুদ্রিত মোটরযান ফিটনেস সার্টিফিকেটের ন্যায় ই-ফিটনেস সার্টিফিকেটও আইনগতভাবে গ্রহণযোগ্য হবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনিরুল আলম
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩৮৭)

মূল্য : টাকা ৪.০০